গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা-১২১২
(প্রশাসন শাখা)
www.brta.gov.bd

নং-৩৫.০৩.০০০০.০০১.০১৯.০৪৭.২০১৪-১২৪৬ তারিখ ঃ ২১.০৭.২০২২খ্রিঃ।

## অফিস আদেশ

যেহেতু, জনাব নূর মোহাম্মদ তোয়াহা (পরিচিতি নং-২০০১৩২০০৩৮) মোটরযান পরিদর্শক হিসেবে বিআরটিএ, নারায়নগঞ্জ সার্কেলে কর্মরত রয়েছেন। ঢাকা মেট্রো-ট-২০-৩৫৮০নং মোটরযানটি গত ১৬.০৭.২০২২খ্রি: তারিখ অনুমান ০২:৪৫ ঘটিকায় ময়মনসিংহ জেলার ত্রিশাল থানাধীন ত্রিশাল পৌরসভার দরিরামপুর কোর্ট ভবন এলাকায় দূর্ঘটনা কবলিত হয়। উক্ত মোটরযানটি ময়মনসিংহের ত্রিশাল থানা কর্তৃক ঐ দিনই জব্দ করা হয়। থানায় জব্দকৃত মোটরযানটি গত ১৮.০৭.২০২২খ্রি: তারিখে বিআরটিএ, নারায়নগঞ্জ সার্কেল হতে জনাব নূর মোহাম্মদ তোয়াহা, মোটরযান পরিদর্শক বিআরটিএ, নারায়নগঞ্জ কর্তৃক ফিটনেস সনদ ইস্যু করা হয়। মোটরযানের ফিটনেস সনদ ইস্যুর পূর্বে সরকারী আদেশ অনুযায়ী মোটরযান পরিদর্শনের বাধ্যবাধকতা থাকলেও তিনি মোটরযানটি পরিদর্শন ব্যতিরেকে ফিটনেস সনদ ইস্যু করেছেন, যা কর্তব্য কর্মে অবহেলা, কর্তৃপক্ষের আইনসঙ্গত আদেশ অমান্য ও অসদাচরণের সামিল;

সেহেতু, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা ২০ এবং বিআরটিএ কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সরকারী আদেশ অমান্য করে ঢাকা মেট্রো-ট-২০-৩৫৮০নং মোটরযান পরিদর্শন না করেই ফিটনেস সনদ ইস্যু এবং অসদাচরণের অভিযোগে সরকারী চাকুরী আইন, ২০১৮ এর ৩৯(১) অনুযায়ী জনাব নূর মোহাম্মদ তোয়াহা (পরিচিতি নং-২০০১৩২০০৩৮) মোটরযান পরিদর্শক, বিআরটিএ, নারায়নগঞ্জ সার্কেল, নারায়নগঞ্জ-কে অদ্য ২১.০৭.২০২২খ্রি: হতে সাময়িক বরখাস্ত করত: বিআরটিএ, সদর কার্যালয়ে ক্লোজ (Close) করা হলো।

সাময়িক বরখাস্তকালীন তিনি বিএসআর পার্ট-১ ৭১ বিধি ও এফ আর-৫৩(বি) বিধির অধীনে মুল বেতনের অর্ধ হারে খোরাকী ভাতা, সাময়িক বরখাস্তের পূর্বের উত্তোলিত হারে পূর্ণ বাড়ি ভাড়া ভাতা, সাময়িক বরখাস্তের পূর্বের উত্তোলিত হারে পূর্ণ চিকিৎসা ভাতা প্রাপ্য হবেন এবং ভ্রমন ভাতা, যাতায়াত ভাতার সুবিধাদি প্রাপ্য হবেন না।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত২১.০৭.২০২২
(নুর মোহাম্মদ মজুমদার)
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান
ফোন: ৫৫০৪০৭১১

নং-৩৫.০৩.০০০০.০০১.০১৯.০৪৭.২০১৪-১২৪৬ তারিখ ঃ ২১.০৭.২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সচিব/পরিচালক(প্রশাঃ/এনফোর্সমেন্ট/রোড সেফটি/প্রশিক্ষণ/ইঞ্জিঃ/অপারেশন), বিআরটিএ, সদর কার্যালয়, বনানী, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ, বিভাগীয় কার্যালয়, ..........................................।
৪। উপপরিচালক (অর্থ), বিআরটিএ, সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৫। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, ..........................................।
৬। সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ, ........................ সার্কেল,..............................।
৭। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ..........................................।
৮। চেয়ারম্যানের একান্ত সচিব, বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা।
৯। জনাব ..........................................।
১০। মাষ্টার ফাইল/ব্যক্তিগত নথি/অফিস কপি।

২১.০৭.২০২২
(মোহাম্মদ আব্দুর রাজ্জাক)
(উপসচিব)
উপপরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০৪০৭২০

H:\HA\Complain & Inquary\Case\MVI\Nur Mohammed Toaha\2022-07\Suspension Order.docx